গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
রাজস্ব শাখা

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর ২.৭ অনুযায়ী মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত সেপ্টেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি<br>বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী। |
| সভার তারিখ | ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রি. |
| সভার সময় | বেলা ১২:০০ টা |
| স্থান | বিভাগীয় কমিশনার এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভাপতি “মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না” মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়ন করার নিমিত্ত সমন্বিত উদ্যোগ গ্রহণ করার জন্য সকলের প্রতি আহবান জানান। তিনি রাজশাহী বিভাগে ৩য় পর্যায়ের মোট বরাদ্দ প্রাপ্ত ৭৪৭০ টি গৃহ নির্মাণপূর্বক ভূমিহীন-গৃহহীন অর্থাৎ ‘ক’ শ্রেণির পরিবার পুনর্বাসন সম্পন্ন করায় জেলা প্রশাসকগণসহ সংশ্লিষ্টদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি ৪র্থ পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত ৫১৪৯ টি গৃহের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতঃ এ বিভাগকে পর্যায়ক্রমে ভূমিহীন ও গৃহহীনমুক্ত উপজেলা, জেলা ও বিভাগ ঘোষণার কার্যক্রম গ্রহণের উপর বিশেষ গুরুত্বারোপ করেন।

## ২. পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন:

সভায় আগস্ট, ২০২২ মাসের কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরুপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ হয়।

## ৩. পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:

আগস্ট, ২০২২ মাসে অনুষ্ঠিত মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার নিম্নরূপঃ

| ক্রমিক নং | সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের হার |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | ১৬/০৮/২০২২ খ্রি. | ০৪টি | ০৩টি | ৮০% |

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী এ বিভাগের সকল জেলা হতে প্রাপ্ত ‘ক’ শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা এবং মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সম্পর্কে বিস্তারিত তথ্য সভায় অবহিত করেন। পর্যালোচনায় দেখা যায়, রাজশাহী বিভাগে ভূমিহীন-গৃহহীন অর্থাৎ 'ক' শ্রেণির পরিবার সংখ্যা ৩২৩১২টি। ১ম পর্যায়ে পুনর্বাসিত ভূমিহীন-গৃহহীন পরিবারের সংখ্যা ৭১১৯ টি। ২য় পর্যায়ে পুনর্বাসিত ভূমিহীন-গৃহহীন পরিবারের সংখ্যা ৭১৭২টি। ৩য় পর্যায়ে পুনর্বাসিত পরিবারের সংখ্যা ৭৪৭০টি। রাজশাহী বিভাগে তিন পর্যায়ে মোট পুনর্বাসিত ভূমিহীন-গৃহহীন পরিবারের সংখ্যা (৭১১৯+৭১৭২+৭৪৭০)= ২১৭৬১টি। অবশিষ্ট ভূমিহীন-গৃহহীন পরিবারের সংখ্যা (৩২৩১২-২১৭৬১)= ১০৫৫১টি। আশ্রয়ণ প্রকল্পের ব্যারাক নির্মাণ, গুচ্ছগ্রাম ও উপজেলা পরিষদের অর্থায়নে পুনর্বাসিত ভূমিহীন-গৃহহীন পরিবারের সংখ্যা ১০৩০টি। ৪র্থ পর্যায়ের জন্য চাহিদা প্রেরণ করা হয়েছে ৯৫২১টি এবং বরাদ্দ পাওয়া গিয়েছে ৫১৪৯টি। সম্পূর্ণরুপে রাজশাহী বিভাগকে ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষণার লক্ষ্যে আরও ৪৩৭২টি ঘরের বরাদ্দ প্রাপ্তি প্রয়োজন মর্মে উল্লেখ করেন। সভায় এ বিভাগের উপজেলাসমূহ ভূমিহীন ও গৃহহীনমুক্ত ঘোষণা বিষয়ে আলোচনা করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ তথ্যাদি উপস্থাপিত হয়:

**৪. এক নজরে রাজশাহী বিভাগের “ক” শ্রেণির পরিবার সংক্রান্ত তথ্য নিম্নরূপ:**

| জেলার নাম | অবশিষ্ট ভূমিহীন-গৃহহীন পরিবারের সংখ্যা | ৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের সংখ্যা | নির্মাণ কাজ শুরু হয়েছে এমন গৃহের সংখ্যা | গড় অগ্রগতি (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| রাজশাহী | ১৪৫১ | ১১২৮ | ২৪৮ | ৩.৩৯ | |
| চাঁপাইনবাবগঞ্জ | ৪০৫ | ২৩০ | ০ | ০ | |
| নওগাঁ | ১৯২৪ | ১০৬৯ | ০ | ০ | |
| নাটোর | ১৫১৭ | ৬৫৭ | ০ | ০ | |
| পাবনা | ২০৬৮ | ৮৩৭ | ১৩৯ | ১.৯২ | |
| সিরাজগঞ্জ | ১৩৯৪ | ২৩৪ | ৭১ | ১৩.৫০ | |
| বগুড়া | ১২১২ | ৮৫৫ | ০ | ০ | |
| জয়পুরহাট | ১৩৯ | ১৩৯ | ০ | ০ | |
| **বিভাগের মোট** | **১০,১১০** | **৫,১৪৯** | **৪৫৮** | **১.৬৭** | |

## ৬। বিস্তারিত আলোচনা করত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ১। ডিসেম্বর/২০২২ মাসের মধ্যে চাঁপাইনবাবগঞ্জ ও জয়পুরহাট জেলাকে সম্পূর্ণভাবে এবং রাজশাহী জেলার পবা, পুঠিয়া, দূর্গাপুর ও বাগমারা উপজেলা, নওগাঁ জেলার আত্রাই, নিয়ামতপুর ও ধামইরহাট উপজেলা, নাটোর জেলার বড়াইগ্রাম, গুরুদাসপুর ও লালপুর উপজেলা, পাবনা জেলার পাবনা সদর, ভাঙ্গুড়া, আটঘরিয়া ও সাঁথিয়া উপজেলা, সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, কামারখন্দ, কাজিপুর, রায়গঞ্জ, উল্লাপাড়া, বেলকুচি, তাড়াশ ও শাহজাদপুর উপজেলা, বগুড়া জেলার শাজাহানপুর, কাহালু, ধুনট ও শিবগঞ্জ মোট ৩৪ টি উপজেলাকে ভূমিহীন ও গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণার লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>২। অবশিষ্ট ২৩ টি উপজেলা তথা সম্পূর্ণ রাজশাহী বিভাগকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আগামী জুন/২০২৩ মাসের মধ্যে ভূমিহীন ও গৃহহীনমুক্ত ঘোষণার লক্ষ্য নির্ধারণ করা হলো।<br><br>৩। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৩১/০৮/২০২২ তারিখের ০৩.০২.০০০০.৭০৩.১৪.৫২০.২২.২৪২ নং স্মারক ও প্রকল্প কার্যালয় থেকে প্রাপ্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।<br><br>৪। ৪র্থ পর্যায়ে রাজশাহী বিভাগের ৮ টি জেলায় মোট বরাদ্দ প্রাপ্ত ৫১৪৯ টি ঘরের নির্মাণ কাজ সর্বশেষ প্রাপ্ত প্রাক্কলন, ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসারে সম্পন্ন করতে হবে। এছাড়া খাস জমি বন্দোবস্ত প্রদান এবং সময়মত কবুলিয়ত ও নামজারি সম্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১১.০৭.০০৯.২২.১০৬৯

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ প্রকল্প-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট।
৫) উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৬) উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/সিরাজগঞ্জ/পাবনা সদর/পাবনা/বগুড়া সদর/বগুড়া/নাটোর/জয়পুরহাট/নওগাঁ
৭) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী(ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)।
৮) সহকারী কমিশনার (ভূমি), রাজশাহী/চারঘাট/রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট



জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার